# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৭৮

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ মহান আল্লাহ কাউকে স্বাবলম্বী করার পরেও কোন ব্যক্তি কর্তৃক নিজের জন্য ভিক্ষার দরজা খোলার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذِكْرُ الزَّجْرِ عَنْ فَتْحِ الْمَرْءِ عَلَى نَفْسِهِ بَابَ الْمَسْأَلَةِ بَعْدَ أَنْ أَغْنَاهُ اللَّهُ جَلَّ وعلا عنها

---

আরবী

3378 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنِ الْعَلَاءِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَا يُفْتَحُ إِنْسَانٌ عَلَى نَفْسِهِ بَابَ مَسْأَلَةٍ إِلَّا فَتَحَ اللَّهُ عَلَيْهِ بَابَ فَقْرٍ لَأَنْ يَعْمِدَ الرَّجُلُ حَبْلًا إِلَى جَبَلٍ فَيَحْتَطِبَ عَلَى ظَهْرِهِ وَيَأْكُلَ مِنْهُ خَيْرٌ مِنْ أَنْ يَسْأَلَ النَّاسَ معطىً أو ممنوعاً)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3378 | خلاصة حكم المحدث: صحيح – ((الصحيحة)) (2543).

বাংলা

৩৩৭৮. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “কোন ব্যক্তি নিজের ব্যাপারে ভিক্ষার দরজা খুলে নিলে, আল্লাহ তার জন্য অভাবের দরজা খুলে দেন। কোন ব্যক্তি কর্তৃক রশি নিয়ে পাহাড়ে যাওয়া অতঃপর পিঠে কাঠ বহন করে নিয়ে আসা অতঃপর তার মাধ্যমে খাদ্যের ব্যবস্থা করা উত্তম মানুষের কাছে চাওয়া থেকে, যেখানে তাকে সাহায্য দেওয়া হতে পারে অথবা না-ও দেওয়া হতে পারে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪১৮; মুয়াত্তা ইমাম মালিক: ২/৯৯৮-৯৯৯; সহীহুল বুখারী: ১৪৭০; নাসাঈ: ৫/৯৬; হুমাইদী: ১০৫৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২০৯; সহীহ মুসলিম: ১০৪২; তিরমিযী: ৬৮০; সুনান বাইহাকী: ৪/১৯৫; বাগাবী: ১৬১৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৫৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92711

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন